



নিজস্ব লেখা “কবিতা/গল্প”
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১

এই যুগ

EI YUG

ডাউনলোড

“এই যুগ
অ্যাপ”

এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন “এই যুগ অ্যাপ”

PAGE | পৃষ্ঠা-4 [PRICE | মূল্য-2]

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

HOWRAH | হাওড়া • DAILY | দৈনিক • 10 OCTOBER 2026, SATURDAY | ১০ অক্টোবর ২০২৬, শনিবার • VOLUME | বর্ষ-6 • ISSUE | সংখ্যা-306

দুর্গাপূজা সহ উৎসবের দিনে মানুষের
নিরাপত্তার বিষয়ে গুরুত্বপূর্ণ পদক্ষেপ
নিতে চলেছে রাজ্য সরকার বলে
জানালেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী



ভাস্কর সেহানবিশ, এই যুগ, কলকাতা, ৯ অক্টোবর : আজ কলকাতায় নগরোন্নয়ন দপ্তরে, পুর ও নগরোন্নয়ন বিষয়ক দপ্তরের মন্ত্রী অগ্নিমিত্রা পাল সহ এবং দপ্তরের অন্যান্য আধিকারিকদের সঙ্গে একটি গুরুত্বপূর্ণ বৈঠকে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। বৈঠকের মূল আলোচ্য বিষয় ছিল উৎসবের দিনগুলিতে রাজ্যের প্রতিটি প্রান্তে নাগরিক পরিষেবা সচল রাখা। বৈঠকের পর সাংবাদিকদের মুখোমুখি হয়ে মুখ্যমন্ত্রী বলেন, “দুর্গাপূজা সহ আগামী উৎসবের দিনগুলোতে রাজ্যের প্রতিটি প্রান্তে নাগরিক পরিষেবা সচল রাখা, পরিচ্ছন্নতা বজায় রাখা এবং সাধারণ মানুষের নিরাপত্তা সুনিশ্চিত করার বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হয়েছে এবং এই বিষয়ে উপযুক্ত পদক্ষেপ নিতে সংশ্লিষ্ট দপ্তরগুলোতে প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হয়েছে। উৎসবের দিনগুলোতে পশ্চিমবঙ্গবাসীর জন্য নিরাপদ, পরিচ্ছন্ন ও আনন্দময় উৎসবের পরিবেশ সুনিশ্চিত করতে সচল রাজ্য সরকার।” তিনি আরও বলেন, “বাংলার প্রতিটি মানুষ যেন নির্ভয়ে, নিশ্চিন্তে ও আনন্দের সঙ্গে উৎসবের দিনগুলি উপভোগ করতে পারেন, সেই বিষয়টিতে রাজ্য সরকার প্রাধান্য দেবে। জনসাধারণের সুবিধা ও সুরক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে রাজ্য সরকার উৎসবের দিনগুলোকে আনন্দময় করে তুলতে বদ্ধপরিকর।”

জয়গাঁ থেকে কলকাতা সরাসরি
এসি বাস পরিষেবা চালু করল
উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা



মলয় দেবনাথ, এই যুগ, আলিপুরদুয়ার, ৯ অক্টোবর : পুজোর আগেই জয়গাঁবাসীর দীর্ঘদিনের দাবি পূরণ। জয়গাঁ থেকে কলকাতা সরাসরি বাস পরিষেবা চালু করল উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা। জানা গেছে, জয়গাঁ থেকে দীর্ঘদিন ধরেই কলকাতা যাওয়ার সরাসরি কোনও যোগাযোগের মাধ্যম ছিল না। ভুটানের পাশেই জয়গাঁর অবস্থান এবং এর একটি বাণিজ্যিক প্রভাব রয়েছে, বৈদেশিক বাণিজ্যও এখান থেকে হয়। ফলে বহু মানুষকে বিভিন্ন কাজে কলকাতা যাতায়াত করতে হয়। সেই দীর্ঘদিনের দাবিকেই মান্যতা দিয়ে এনবিএসটিসি-র পক্ষ থেকে এই নতুন পরিষেবা শুরু করা হলো। আজ থেকে প্রতিদিন বিকেল সাড়ে তিনটে নাগাদ জয়গাঁ থেকে একটি অত্যাধুনিক এসি বাস কলকাতার উদ্দেশে ছাড়বে। কলকাতা পৌঁছাতে সময় লাগবে প্রায় ১৪ ঘণ্টা। আপাতত বাসটি নিয়মিত চলবে এবং যাত্রীদের চাহিদা বাড়লে ভবিষ্যতে বাসের সংখ্যা আরও বাড়ানো হবে বলে জানা গেছে। এছাড়াও বর্তমানে শিলিগুড়ি থেকে জয়গাঁ পর্যন্ত সরাসরি কোনও বাস পরিষেবা নেই। মালদা থেকে জয়গাঁর একটি বাস থাকলেও একসময় শিলিগুড়ি-জয়গাঁ বাস চলত। পুজোর পর আরও নতুন বাস আসছে এবং প্রয়োজন অনুযায়ী জয়গাঁবাসীর জন্য শিলিগুড়ি-জয়গাঁ বাস পরিষেবাও চালু করা হবে বলে জানান রাজ্যের পরিবহন দফতরের প্রতিমন্ত্রী আনন্দময় বর্মণ। এদিন আনুষ্ঠানিক ভাবে এই বাস চালু হল, উপস্থিত ছিলেন আলিপুরদুয়ার সাংসদ মনোজ টিগ্লা।

Contact No: 9836753661

Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine, Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL

পুলিশের উদ্যোগে সচেতনতা কর্মসূচি



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,৯ অক্টোবর : জলপাইগুড়ি জেলা পুলিশের বানারহাট থানার পুলিশ শুক্রবার বানারহাটের দুরামারি চন্দ্রকান্ত উচ্চ বিদ্যালয়ে সচেতনতা কর্মসূচির আয়োজন করে। বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা, ছাত্র ছাত্রী দের উপস্থিতিতে নতুন ক্রিমিনাল আইন,ভ্রাগের অপব্যবহার, বাল্য বিবাহ,পকসো আইন,সাইবার অপরাধ সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সামাজিক বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় ও তাদের সচেতন করা হয়। ছাত্র ছাত্রীদের আইনী অধিকার ও দায়িত্ব সম্পর্কে অবগত করে নিরাপদ সমাজ গঠনে এগিয়ে আসার জন্য অনুপ্রাণিত করা হয়। পুলিশ সূত্রে জানানো হয় ভবিষ্যতে নিরাপদ সমাজ গঠনের লক্ষ্যে ছাত্র ছাত্রীদের সচেতন করা হয়। সমাজে কোনো অপরাধ সংঘটিত হতে দেখলে দ্রুত পুলিশের সাথে যোগাযোগ করতে পরামর্শ দেওয়া হয়।

ছিনতাই এর মিথ্যা অভিনয় করতে গিয়ে পুলিশ হেফাজতে ব্যবসায়ী



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ অক্টোবর : ছিনতাই এর মিথ্যা অভিনয় করতে গিয়ে পুলিশের ফাঁদে আটকে গেল কামাখ্যাগুড়ি এলাকার ব্যবসায়ী স্বপন পাল। শুক্রবার সকালে আলিপুরদুয়ার শামুকতলা রাজ্য সড়কের তালেশ্বরগুড়ি চৌপাশী সংলগ্ন এলাকায় জঙ্গলে পড়ে থাকতে দেখেন তাকে পথচারীরা। মুহূর্তের মধ্যে ই এই খবর রটে গেলে সাধারণ মানুষের ভীড় বাড়ে। ঘটনাস্থলে ছুটে আসে পুলিশ। এরপর তিনি অভিযোগ দায়ের করেন পুলিশের কাছে। পুলিশ ঘটনার তদন্ত করতে গিয়ে জেরার মুখে স্বপন পাল স্বীকার করেন প্রচুর পরিমাণ টাকা ঋণ হয়ে গেছেন তিনি। পাওনা দাররা তাকে চাপ সৃষ্টি করছে টাকা দেওয়ার জন্য। পাওনাদার দের হাত থেকে রেহাই পেতেই পরিকল্পনা মাফিক সাত সকালে নিজের বাইকে রাস্তায় ফেলে রেখে ছিনতাই হয়েছে এমনটাই বলেছিলেন। উল্লেখ্য তিনি বলেছিলেন ২ লক্ষ ৩৮ হাজার টাকা ছিনতাই হয়েছে। তাকে জিজ্ঞাসাবাদ করে জানা গেছে তিনি প্রায় চার লক্ষ টাকা ঋণ আছেন।

নিষিদ্ধ মাদক ক্যাপসুল ,কফ সিরাপ ও নগদ টাকা সহ গ্রেপ্তার দুই



সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ অক্টোবর : আলিপুরদুয়ার জেলা পুলিশের স্পেশাল অপারেশন গ্রুপ গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে শুক্রবার আলিপুরদুয়ার শহরের মধ্যপাড়ায় অভিযান চালিয়ে দুই ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে তাদের হেফাজত থেকে উদ্ধার হয় আটশো বত্রিশটি পিভন স্পাজ গ্লাস মাদক ক্যাপসুল, চার বোতল নিষিদ্ধ কফ সিরাপ ও নগদ আশি হাজার সাতশো পঞ্চাশ টাকা। উদ্ধার করা সামগ্রী বাজেয়াপ্ত করে আটক দুই জনকে গ্রেপ্তার করা হয়। পুলিশ সূত্রে জানানো হয় সমস্ত প্রক্রিয়াটি এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। ধৃতদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে পুলিশ।



Contact No: 9836753661



Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL

ডাউন সিকিম মহানন্দা এক্সপ্রেস ট্রেনে অন বোর্ড পরিদর্শন করলেন রেলের আলিপুরদুয়ার বিভাগের ডিআরএম



সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৯ অক্টোবর : উত্তর পূর্ব সীমান্ত রেলের আলিপুরদুয়ার বিভাগের ডি আর এম দেবেন্দ্র সিং শুক্রবার ১৫৪৮৩ ডাউন সিকিম মহানন্দা এক্সপ্রেস ট্রেনে অন বোর্ড পরিদর্শন করেন। পরিদর্শনে তিনি ট্রেনের যাত্রী স্বাচ্ছন্দ্য,যাত্রী নিরাপত্তা ব্যবস্থা,পরিষ্কার পরিচ্ছন্নতা, প্যাস্জি কারের স্বাস্থ্যসম্মত রক্ষনাবেক্ষন, খাবারের গুণমান,চলন্ত ট্রেনে বৈদ্যুতিক ও যান্ত্রিক পরিকাঠামো ও কার্যকলাপ,নিরাপত্তা বিষয়ক সামগ্রী ও সেগুলির রক্ষনাবেক্ষন যাত্রীদের দেওয়া বেড রোল, কামরার পরিচ্ছন্নতা সহ সার্বিক বিষয় খতিয়ে দেখেন। তিনি হাউজ কিপিং ও প্যাস্জি কারের কর্মীদের আরও দায়িত্ব সহকারে তাদের কর্তব্য পালন করতে পরামর্শ দেন। যাত্রীদের সাথে কথা বলে তাদের মতামত শোনে। ডি আর এম দেবেন্দ্র সিং জানান রেলের যাত্রী স্বাচ্ছন্দ্য আরও সুন্দর করে তোলার লক্ষ্যে এই পরিদর্শন।



Contact No: 9836753661 

Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE
ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL